

কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফোন : ০৯৬৬৯১১৪৬৩/৪৩৪০

অফিস : ৪৩৪৩, ৪৩৪২, ৪৩৪১

ই-মেইল : deanarts@du.ac.bd



Faculty of Arts

University of Dhaka

Dhaka-1000, Bangladesh.

Phone : 09666911463/4340

Office : 4343, 4342, 4341

E-mail : deanarts@du.ac.bd



বিজ্ঞপ্তি

“ঢাকা বিশ্ববিদ্যালয় আর্টস ফ্যাকাল্টি ইউনিটি রান ২০২৬”- এ অংশগ্রহণের আহ্বান

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ Bangladeshi Marathon Enthusiasts (BME)-এর সহযোগিতায় ১৪ নভেম্বর ২০২৬, শনিবার একটি দৌড় প্রতিযোগিতা “ঢাকা বিশ্ববিদ্যালয় আর্টস ফ্যাকাল্টি ইউনিটি রান ২০২৬” আয়োজন করতে যাচ্ছে। এই আয়োজনে শিক্ষার্থী, প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষক এবং সারা দেশের দৌড়প্রেমীরা অংশগ্রহণ করতে পারবেন।

মুক্তচিন্তা, সাংস্কৃতিক চর্চা ও জাতীয় জাগরণে কলা অনুষদের দীর্ঘ ঐতিহ্যকে ধারণ করে এই ইউনিটি রান আমাদের অভিন্ন ঐতিহ্য উদ্‌যাপন এবং বিশ্ববিদ্যালয় পরিবার ও তার বাইরেও ঐক্য, সৃজনশীলতা ও দৃঢ়তার বন্ধন সুদৃঢ় করার লক্ষ্যে আয়োজিত হচ্ছে।

১. আয়োজনের বিবরণ

- তারিখ: শনিবার, ১৪ নভেম্বর ২০২৬
- স্থান: ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস
- ক্যাটাগরি: ১০ কিলোমিটার ও ৫ কিলোমিটার
- শুরুর সময়: ওয়ার্ম-আপ ভোর ৫:০০টা থেকে; ১০ কিলোমিটার ভোর ৫:৩০টায় এবং ৫ কিলোমিটার ভোর ৫:৪৫টায় শুরু
- অংশগ্রহণের যোগ্যতা: শিক্ষার্থী, প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষক এবং সারা দেশের দৌড়প্রেমীরা
- রেজিস্ট্রেশন ফি: প্রতি ক্যাটাগরিতে ৯৯৯ টাকা
- রেজিস্ট্রেশন: <https://www.sports-bangla.com/event/dhaka-university-arts-faculty-unity-run-2026>

২. নিবন্ধিত অংশগ্রহণকারীদের প্রাপ্যতা

প্রত্যেক নিবন্ধিত অংশগ্রহণকারী ফিনিশার মেডেল, অফিসিয়াল রেস টি-শার্ট, ব্যক্তিগত তথ্যসহ রেস বিব, চিপ টাইমিং, দৌড়-পরবর্তী খাবার, হাইড্রেশন সহায়তা, রেস ফটোগ্রাফি ও ডিজিটাল সার্টিফিকেট পাবেন। রেসের দিন ওয়াশরুম, ব্যাগ ড্রপ, প্রাথমিক চিকিৎসা ও মেডিকেল সহায়তার ব্যবস্থা থাকবে।

৩. শর্তাবলি

- অংশগ্রহণ সম্পূর্ণ সশরীরে; কোনো ভার্যুয়াল সুযোগ নেই।
- রেস বিব হস্তান্তরযোগ্য নয়।
- রেজিস্ট্রেশন ফি ফেরতযোগ্য নয়।
- নির্ধারিত সময়সীমার মধ্যে (১০ কিলোমিটার: ১১০ মিনিট; ৫ কিলোমিটার: ৬০ মিনিট) দৌড় সম্পন্নকারীরাই কেবল ফিনিশার মেডেল পাবেন।
- বিদ্যমান শারীরিক সমস্যা আছে এমন ব্যক্তিদের অংশগ্রহণ না করার জন্য জোরালোভাবে পরামর্শ দেওয়া হচ্ছে।
- অংশগ্রহণকারীদের সর্বদা আয়োজক ও স্বেচ্ছাসেবকদের নির্দেশনা মেনে চলতে হবে।
- আবহাওয়া বা অনিবার্য কারণে সময়সূচি পরিবর্তিত হতে পারে।
- ইভেন্ট চলাকালীন কোনো আঘাত বা অসুস্থতার জন্য আয়োজকরা দায়ী থাকবেন না।

সকল বিভাগের চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালক এবং আবাসিক হলের প্রাধ্যক্ষগণকে বিজ্ঞপ্তিটি নিজ নিজ নোটিশ বোর্ডে প্রদর্শন এবং শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও প্রাক্তন শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার)

ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

all mo 19/11/26
অধ্যাপক ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়